

পরিকল্প নং-১০৫

## জীবন আলো-ক (বোনাসসহ)

দুর্দিনে জাগাবে

নিরাশার আলো

যদি থাকে কাছে

প্রগতির “জীবন আলো”

বর্তমানে আপনি যে অংকের বীমা করবেন তা হয়তো আগামী দশ বা বিশ বৎসর পর নিতান্তই অপ্রতুল বলে মনে হবে। কিন্তু বর্তমান অবস্থার প্রেক্ষিতে হয়তো এর চেয়ে বেশী অংকের প্রিমিয়াম দেবার সামর্থ্য গ্রাহকের নেই। গ্রাহকের এই সীমাবদ্ধতার কথা চিন্তা করে প্রগতি লাইফ শুরু করেছে এ পরিকল্পটি যেখানে মেয়াদের নির্দিষ্ট সময় পর বীমা ঝুঁকির পরিমাণ বৃদ্ধি পেতে থাকবে। অর্থাৎ এই অতিরিক্ত বীমা ঝুঁকির জন্য গ্রাহককে কোন বাড়তি প্রিমিয়াম দিতে হবে না।

### বৈশিষ্ট্য :

১। মেয়াদকালীন সময়ের ১/৩ অংশ সময় অতিক্রান্ত হলেই বীমা অংকের ২৫% বীমাকৃতকে প্রদান করা হবে এবং বীমা ঝুঁকির পরিমাণ হয়ে যাবে দেড়গুন। মেয়াদের ২/৩ অংশ অতিক্রান্ত হলে আরও ২৫% বীমাকৃতকে প্রদান করা হবে এবং বীমা ঝুঁকির পরিমাণ হয়ে যাবে দ্বিগুন। মেয়াদান্তে বীমাকৃত পাবেন প্রত্যাশিত মুনাফাসহ অবশিষ্ট বীমা অংক। যেমন ১২ বছর মেয়াদী এক লক্ষ টাকার পলিসিতে ৪ বছর পর বীমাকৃত পাবেন ২৫,০০০/- টাকা এবং বীমারুঁকি হবে ১.৫ লক্ষ টাকা। ৮ বছর পর আবার দেয়া হবে ২৫,০০০/- টাকা এবং বীমা ঝুঁকি হবে ২ লক্ষ টাকা। ১২ বছর পর বীমাকৃত পাবেন ৫০,০০০/- টাকা এবং অর্জিত মুনাফা। বীমারুঁকি বৃদ্ধি পেলেও প্রিমিয়ামের হার একই থাকবে।

২। ১ম বা ২য় বার বীমা অংকের ২৫% গ্রহণ করার পরও (মেয়াদকালীন সময়ে) বীমাকৃতের মৃত্যু হলে মনোনীতক শর্তসাপেক্ষে দেড়গুন বা দ্বিগুন বীমা অংক এবং মৃত্যুদিন পর্যন্ত অর্জিত মুনাফা পাবেন। তবে পরিশোধিত বীমা ঝুঁকির অংক কখনো মূল প্রাথমিক বীমা অংকের তিন গুনের বেশী হতে পারবে না।